

নোটিশ

বিস্ফোরক পরিদপ্তরে সেবা নিতে আসা সম্মানিত নাগরিকদের (সেবাগ্রহীতা) জানানো যাচ্ছে যে, এক ঠিকানায় সরকারি সেবা myGov প্ল্যাটফর্মে নাগরিক সেবা প্রদানের অংশ হিসেবে বিস্ফোরক পরিদপ্তরের নাগরিক সেবাসমূহকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে ডিজিটাইজেশন সম্পন্নপূর্বক অনলাইনে সেবা প্রদান নিশ্চিতকরণের কাজ চলমান রয়েছে। ইতিমধ্যে সিটিজেন চার্টারের ২৪ নং সেবা “ফরম-চ: এলপিজি গ্যাসপূর্ণ সিলিন্ডার অধিকারে রাখার লাইসেন্স মঞ্জুর” সংক্রান্ত নাগরিক সেবাটি অনলাইনে লাইভে যাওয়ার জন্য পুরোপুরি প্রস্তুত করা হয়েছে।

আগামী ২১ এপ্রিল, ২০২৪ তারিখ হতে শুধুমাত্র প্রধান বিস্ফোরক পরিদর্শকের কার্যালয়, ঢাকায় “ফরম-চ: এলপিজি গ্যাসপূর্ণ সিলিন্ডার অধিকারে রাখার লাইসেন্স মঞ্জুর” সংক্রান্ত সেবাটি দিয়ে পাইলটিং কার্যক্রম শুরু হবে।

সেজন্য ২১ এপ্রিল, ২০২৪ তারিখ হতে ম্যানুয়াল সিস্টেমে কোনো আবেদন জমা নেওয়া হবেনা। উপরে উল্লিখিত সেবাটি গ্রহণ করতে www.mygov.bd সিস্টেমে রেজিস্ট্রেশন করে আবেদন করতে অনুরোধ করা হলো। উল্লেখ্য, মাইগভ সিস্টেমে আবেদন করার পদ্ধতি সংক্রান্ত ভিডিও, ফ্লো চার্ট এই দপ্তরের ওয়েবসাইটে (www.explosives.gov.bd) এবং ফেসবুক পেইজে (www.facebook.com/explosives.gov.bd) পাওয়া যাবে।

নির্দেশক্রমে

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ